বদরগঞ্জ উপজেলা পরিষদ

জেলাঃ রংপুর

# উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ মিজানুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ১২ জুন ২০২৫খ্রিঃ

সময় ঃ ১০.০০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। সভার সদস্য সচিব ও উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, পুরো মাস জুড়ে উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও খেলাধুলা চলমান থাকবে। স্কুল ও কলেজের শিক্ষার্থীরা খেলাধুলায় অংশগ্রহণ করবে। তিনি বলেন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নে যুবকদের খেলাধুলার আযোজন করলে যুবকরা বিপথে যাবে না, সামাজিক অস্থিরতা তৈরী হবে না । | আলোচনান্তে চলমান কার্যক্রম সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, সুন্দর বাংলাদেশ গড়ার অংশ হিসাবে এবং ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা, গতিশীলতা ও জবাবদিহিতার লক্ষে ১০০% জমির নামজারী অনলাইনে সম্পন্ন করা সময়ের দাবী। কিন্তু প্রয়োজনী দক্ষতা, সক্ষমতা ও সচেতনতার অভাবে অত্র উপজেলায় ভূমি ব্যবস্থাপনায় তথ্য ও প্রযুক্তির সঠিক ব্যবহার ব্যাহত হচ্ছে। বিধায় প্রস্তাবিত উপ-প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উপকারভোগী তথা সাধারণ জনগণসহ বিভিন্ন পেশাজীবী ও জনপ্রতিনিধিগণের সচেতনতা ও দক্ষতাবৃদ্ধির মাধ্যমে লক্ষ্যিত উদ্দেশ্য বাস্তাবায়ন অপরিহার্য। | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | |
|---|---|---|
| এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>১. উপজেলার সাধারণ জনগণ, পেশাজীবী ও জনপ্রতিনিধিগণ ভূমি ব্যবস্থাপনায় তথ্য ও প্রযুক্তির সঠিক ব্যবহারে অভ্যস্ত হবে এবং সহজে সেবা গ্রহণ করতে পারবে<br>২. ভূমি ব্যবস্থাপনায় জনসাধারণের তথ্য ও প্রযুক্তি সংক্রান্ত ভোগান্তি লাঘব হবে এবং ঘরে বসেই সেবা গ্রহন করতে পারবে।<br>৩. ডিজিটাল বাংলাদেশ গড়তে বিশেষ ভূমিকা রাখবে। | | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ মিজানুর রহমান)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- তারিখঃ ১২/০৬/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা............................... কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৫। চেয়ারম্যান, .............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৬। অফিস কপি।

(মোঃ আবুল কালাম আজাদ)
যুব উন্নয়ন অফিসার
ও সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
বদরগঞ্জ, রংপুর।